

# যুগান্তর

## রাজশাহীতে সংবাদ সম্মেলনে অভিযোগ স্কুলের জমি স্বামীর নামে লিখে দিয়েছেন প্রধান শিক্ষিকা

রাজশাহী ব্যুরো

রাজশাহীর মোহনপুর উপজেলার ধামিন নওগা গ্রামের একদল উৎসাহী মানুষ চেয়েছিলেন গ্রামে একটি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা হোক। সেজন্য তারা জমিও দান করেছিলেন। কিন্তু হঠাৎ করে সেই স্কুল ঘরের টিন, বাঁশ, খুঁটি সব উধাও। এখন তারা জানলেন, যে জমি তারা স্কুলের নামে দান করেছিলেন, তা স্বামী শফিকুল ইসলামের নামে রেজিস্ট্রি করেছিলেন সে স্কুলের প্রধান শিক্ষিকা। জমি রেজিস্ট্রি করতে স্কুল পরিচালনা কমিটির সভাপতি থেকে শুরু করে

সদস্যদের স্বাক্ষরও জাল করা হয়েছে। বুধবার রাজশাহী সাংবাদিক ইউনিয়ন কার্যালয়ে সংবাদ সম্মেলন করে এ অভিযোগ করেন স্কুলের নামে জমিদাতাসহ এলাকাবাসী। স্কুল পরিচালনা কমিটির সভাপতি নায়েব আলী জানান, কাউকে কিছু না জানিয়ে স্কুলের জমি প্রধান শিক্ষিকা রাবেয়া বাসরী তার স্বামীর নামে লিখে দিয়েছেন। এজন্য তারসহ কমিটির অধিকাংশ সদস্যের স্বাক্ষর জাল করা হয়েছে। এনিয়ে তিনি উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ

■ পৃষ্ঠা ৭ : কলাম ৮

## স্কুলের জমি স্বামীর নামে

(৩য় পৃষ্ঠার পর)

করেছেন। মামলাও করেছেন আদালতে। এ কারণে প্রধান শিক্ষিকা ও তার স্বামী শফিকুল ইসলাম প্রতিনিয়ত তাদের হুমকি-ধমকি দিচ্ছেন বলে অভিযোগ করেন তিনি। তবে অভিযুক্ত স্কুলের প্রধান শিক্ষিকা রাবেয়া বাসরীর স্বামী শফিকুল ইসলাম জানান, তিনি টাকা দিয়ে জমি কিনেছেন। কাউকে কম টাকা দেননি। তার দাখিল করা স্কুল পরিচালনা কমিটির সদস্যদের স্বাক্ষর সঠিক বলে দাবি করেন তিনি। যদিও কোনো প্রমাণপত্র তিনি দেখাতে পারেননি। অন্যদিকে প্রধান শিক্ষিকা রাবেয়া বাসরী এ ব্যাপারে কথা বলতে রাজি হননি।